



# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-৬৩

### রাসিকের ব্যবস্থাপনায় সুষ্ঠুভাবে প্রতিমা বিসর্জন সম্পন্ন

রাজশাহী; ২০ আশ্বিন (০৫ অক্টোবর):

রাজশাহী সিটি কর্পোরেশনের (রাসিক) মেয়র এ.এইচ.এম খায়রুজ্জামান শিটনের সঠিক দিক-নির্দেশনায় সুষ্ঠুভাবে শারদীয় দুর্গাপূজার প্রতিমা বিসর্জন সম্পন্ন হয়েছে।

বুধবার দুপুর থেকে নগরীর মুন্সুজান স্কুলের সামনে বিসর্জন ঘাটে প্রতিমা বিসর্জন করা হয়। রাত পর্যন্ত প্রতিমা বিসর্জন কার্যক্রম চলেছে।

প্রতিমা বিসর্জন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সেখানে রাসিকের পক্ষ থেকে কন্ট্রোল রুম, প্যান্ডেল, আলোকায়নসহ সার্বিক ব্যবস্থা গ্রহণ করা হয়। রাসিকের ৬০জন বিসর্জন কর্মী নির্ধারিত পোশাক পরিধান করে বিসর্জন কাজে অংশ গ্রহণ করেন।

প্রতিমা বিসর্জনকালে গঠিত কমিটির আহ্বায়ক, রাসিকের প্যানেল মেয়র-১ ও ওয়ার্ড কাউন্সিলর সরিফুল ইসলাম বাবু, কমিটির সদস্য ওয়ার্ড কাউন্সিলর আব্দুল হামিদ সরকার টেকন, সদস্য ও ওয়ার্ড কাউন্সিলর বেলাল আহমেদ, কাউন্সিলর তরিকুল আলম পল্টু, সদস্য সচিব ও প্রধান রাজস্ব কর্মকর্তা আবু সাঈদ মোঃ নূর-ঈ সাঈদ, রাজশাহী সিটি কর্পোরেশনের সচিব মোঃ মশিউর রহমানসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।#

.....  
সিকান্দার/রোকন/হালিম/২০২২/১৫.৩০ঘ.